গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.৩০৯.১৬. ১৪৯১ তারিখ ঃ ২৪/১০/২০১৬ খ্রিঃ

বিষয় ঃ ছাতক টেকনিক্যাল স্কুল ও কলেজের হিসাব রক্ষক জনাব মোঃ শহিদুল ইসলাম এর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ছাতক টেকনিক্যাল স্কুল ও কলেজের হিসাব রক্ষক জনাব মোঃ শহিদুল ইসলাম এর দুর্নীতি সম্পর্কিত একখানা অভিযোগ পাওয়া গেছে। অভিযোগে বলা হয়, তিনি ২০০৭ খ্রিঃ সালে উক্ত প্রতিষ্ঠানে যোগদান করে বিভিন্ন অপকর্ম ও দুর্নীতি করে আসছেন। অভিযোগে বলা হয়,

১। তাঁর বাসায় ব্যবহারিত কম্পিউটারটি দীর্ঘদিন ব্যবহার করায় নষ্ট হওয়ার পর অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর যোগসাজশে অফিসে বিক্রি করে এবং পরে তা কম্পিউটার ল্যাবে পতিত অবস্থায় ফেলে রাখে।

২। তিনি প্রতিষ্ঠানের ওয়েল্ডিং সপের পিছনের ৩(তিন) টি শীল কড়ই গাছ কেটে গাছের গোড়া ঘাস ও লতাপাতা দিয়ে ডেকে রাখেন এবং উক্ত গাছ দিয়ে ঘরের ছোফা সেট, ড্রয়িং টেবিল, খাট ও অন্যান্য ফার্নিচার তৈরী করেন।

৩। তিনি এ প্রতিষ্ঠানে বদলী হয়ে আসার পর হতে সহকারী সুপার কোয়ার্টারে বরাদ্দ নিয়ে বসবাস করেন এবং গত মে/২০১৫ খ্রিঃ হতে ডিসেম্বর/২০১৫ খ্রিঃ পর্যন্ত বসবাস করলেও বাসা ভাড়া কর্তন করেন নাই।

৪। ২০১৪-২০১৫ অর্থ বছরের টেন্ডার সিডিউল ঠিকাদার কর্তৃক দাখিল করার পর সি.এস তৈরী করার সময় ঠিকাদারের সাথে আতাত করে শূন্য জায়গায় মালামালের দরদাম বসিয়ে দেন এবং ঠিকাদার কর্তৃক মোটা অংকের টাকা হাতিয়ে নেন।

৫। প্রতিষ্ঠানে ছাত্রী ভর্তি হলে তাদের কাছ থেকে বেতনের টাকা গ্রহণ করেন।

এ বিষয়ের পরিপ্রেক্ষিতে তাকে হিসাব রক্ষক জনাব মোঃ শহিদুল ইসলাম এর সম্পৃক্ততার বিষয়ে বিস্তারিত মতামত/ব্যাখ্যা পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হল।

২৪.১০.২০১৬
( মোঃ মিজানুর রহমান )
যুগ্ম-সচিব
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ
ছাতক টেকনিক্যাল স্কুল ও কলেজ
ছাতক, সুনামগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।